

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্লাইমেট চেঞ্জ এন্ড হেলথ প্রমোশন ইউনিট
স্বাস্থ্যসেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৪/২, তোপখানা রোড, আনসারী ভবন (৫ম তলা), ঢাকা-১০০০

নং-৪৫.১৬২.০০২.০০.০০.০০৪.২০২২/১৫৭

তারিখ: ০৬/০৯/২০২৩

নোটিশ

বৈশ্বিক জলবায়ু পরিবর্তন মোকাবেলায় বাংলাদেশের বর্তমান সরকারের অগ্রণী ভূমিকা ও উদ্যোগ বিবেচনায় নিয়ে জলবায়ু পরিবর্তন ও জনস্বাস্থ্য সুরক্ষায় দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের Disaster Science and Climate Resilience (DSCR) বিভাগ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ Climate Change and Health Promotion Unit (CCHPU) কর্তৃক যুক্তরাজ্যের FCDO ও জাতিসংঘ জনসংখ্যা তহবিল (UNFPA) এর সহযোগিতায় "Climate Change and Public Health" বিষয়ে ৩ মাসের একটি সার্টিফিকেট কোর্স চালু করা হয়েছে।

তের সপ্তাহব্যাপী কোর্সটিতে সাপ্তাহিক ছুটির দিনে (সপ্তাহে দুইদিন) তিন ঘন্টা করে হাইব্রিড পদ্ধতিতে ক্লাস পরিচালিত হবে। সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, বৈদেশিক দূতাবাস, পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের মধ্যম পর্যায়ের প্রফেশনাল ব্যক্তিবর্গ (সিনিয়র সহকারী সচিব থেকে যুগ্ম-সচিব পদমর্যাদার) এই কোর্সটিতে অংশগ্রহণ করবেন। ঢাকা বিশ্ববিদ্যালয়সহ যুক্তরাজ্য ও যুক্তরাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও আন্তর্জাতিক সংস্থার বিশেষজ্ঞগণ রিসোর্স পারসন হিসেবে কোর্সটি পরিচালনা করবেন।

আগামী ১৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখ সকাল ১০:০০ টায় "Certificate Course on Climate Change and Public Health" এর উদ্বোধন অনুষ্ঠান ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল ক্যাম্পাসের ভূ-তত্ত্ব ভবনের ২য় তলায় অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে।

অধ্যাপক ড. মো. ইকবাল কবীর, পিএইচডি
সমন্বয়কারী
ক্লাইমেট চেঞ্জ এন্ড হেলথ প্রমোশন ইউনিট ও
কোর্স কো-অর্ডিনেটর, ঈস্টচট্র
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
ফোন: ৯৫১৩৯৪২